তারিখ ... 03 FEB 1993 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

দৈনিক খবর

# বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান প্রসঙ্গে

সাভারে অবস্থিত বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান দেশের একটি অনন্য সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ইতিমধ্যেই দেশ ও বিদেশে প্রচুর সুনাম অর্জন করিয়াছে। প্রতিষ্ঠানের কিশোর খেলোয়াড়বৃন্দ ক্রীড়া ক্ষেত্রে তাহাদের কৃতিত্বপূর্ণ অবদানে দেশ ও বিদেশ হতে অনেক গৌরব কুড়াইয়া আনিয়াছে। সাধারণ শিক্ষার পাশাপাশি দেশের সুপ্ত প্রতিভাবান খেলোয়াড় তৈরী এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। কোন ব্যক্তি বিশেষকে কেন্দ্র করিয়া ইহা গড়িয়া উঠে নাই। ইহার একটি প্রাতিষ্ঠানিকতা আছে। কিন্তু গত কিছুদিন ধরিয়া যে অবস্থা এখানে বিরাজ করিতেছে তাহাতে মনে হয় ইহাকে একটি অশুভ ছায়া, অশুভ শক্তি ঘিরিয়া আছে। প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠার কয়েক বছর পর বাহির হইতে সবকিছু ঠিকঠাক মনে হইলেও ভিতরে একটা কিছু গোলমাল ঠেকিতেছে। ছুটিশেষে জনৈক ক্যাডেট প্রতিষ্ঠানে ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যুকে কেন্দ্র করিয়া যে দুঃখজনক পরিস্থিতি ঘটিয়াছে তাহাতে আমরা সচেতন অভিভাবকবৃন্দ উৎকণ্ঠিত ও বিচলিত না হইয়া পারি না। উক্ত ছাত্রের মৃত্যু ও পরবর্তী সময়ে নানা ধাপলাবাজির খবরে বর্তমানে সেখানে শিক্ষা ও খেলাধূলার পরিবেশ বিঘ্নিত হইয়াছে। উপরন্তু ১৯শে জানুয়ারী জনৈক কর্মকর্তা বহিরাগত দ্বারা আক্রান্ত হওয়ায় শিক্ষক ও ছাত্রদের মধ্যে নিরাপত্তার অভাব পরিলক্ষিত হইতেছে। পূর্বের তুলনায় লেখাপড়া ও খেলাধূলা হ্রাসপ্রাপ্ত হইয়াছে। সর্বত্র একটি আতংকের ছাপ সুস্পষ্ট। একটি থমথমে অস্বস্তিকর পরিবেশ প্রতিষ্ঠানটিকে ঘিরিয়া রহিয়াছে দেখিয়া অত্যন্ত দুঃখিত ও মর্মাহত হইয়াছি। উপরন্তু সেখানে এখনও গুরুত্বপূর্ণ প্রশাসনিক অবস্থানে কর্মকর্তার পদ কেন বহুদিন ধরিয়া খালি রহিয়াছে এবং যাহারা আছে তাহারা প্রতিষ্ঠানে গরহাজির কেন। অবস্থাদৃষ্টে মনে হয় প্রতিষ্ঠানের ভবিষ্যৎই আজ অনিশ্চিত হইয়া দাঁড়াইয়াছে। তাহার অস্তিত্ব আজ প্রশ্নের সম্মুখীন। ছাত্রদের জীবন হইতে বহু মূল্যবান শিক্ষাবর্ষ শিক্ষা কারিকুলাম শৃংখলাবোধ তাহাদের বিনাদোষে আজ ক্ষতিগ্রস্ত।

দেশের এই ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠানটির একজন শুভাকাঙ্খী হিসাবে ইহার বর্তমান হালহকিকতে বিচলিত বোধ না করিয়া পারা যায় না। আমাদের আরজ কর্তৃপক্ষের কাছে, বর্তমান ও অতীতের অনিয়ম দুর্নীতি যদি হইয়া থাকে তবে সে অবস্থার জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করিবার জন্য একটি পূর্ণাঙ্গ তদন্ত কমিটি গঠন করা একান্ত আবশ্যক হইয়া পড়িয়াছে। তদন্ত কমিটি কর্তৃক যথাশীঘ্র দোষীদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণপূর্বক দেশবাসীর গৌরব প্রতিষ্ঠানটির পূর্ণ মর্যাদা ফিরাইয়া আনিতে সচেষ্ট হইবেন। সেখানে বর্তমানে প্রশাসনিক শূন্যতার দরুন যে অচল অবস্থার সৃষ্টি হইয়াছে তাহা অতি তাড়াতাড়ি পূরণ করিতে কর্তৃপক্ষ যেন বিলম্ব না করেন। সকল মহলের নিকট আর একটি নিবেদন, কোমলমতি ছাত্রদেরকে কোন স্বার্থান্বেষী মহল যাতে দাবার ঘুটি হিসাবে ব্যবহার করিতে না পারে তাহার জন্য সর্বোচ্চ কর্তৃপক্ষ যেন সজাগ থাকেন।

ফজলে রাব্বি
৬২/এ, বেচারাম দেউরী
ঢাকা-১১০০